

ঢাকা, ২৯ আগস্ট ২০২২

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপির সাথে বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক
প্রতিনিধির- সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক প্রতিনিধি মিড গুইন এল ওয়াইজ (Ms Gwyn Lweis) আজ সচিবালয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি মহোদয়ের সাথে তার অফিসে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এই সময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. আবু বক্কর ছিদ্দীক উপস্থিত ছিলেন। আগামী সেপ্টেম্বরে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য ট্রান্সফরমিং এডুকেশন শীর্ষক কনফারেন্সের বিষয়ে বিশদ আলোচনা হয়। তাছাড়া বাংলাদেশে ব্লেন্ডেড লার্নিং বিষয়ে গৃহীত বিভিন্ন উদ্যোগ, করোনাকালীন শিখন ঘাটতি পূরণে সরকারি গৃহীত উদ্যোগ প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮৮